**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 13.08.2024** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর কান্ডে জাতীয় মহিলা কমিশনের দুই সদস্যের দল আজ হাসপাতালে যাচ্ছেন। ঘটনার পর রাজ্য স্বাস্থ্য অধিকর্তাকে সরিয়ে দেওয়া হয়েছে। সাত দিনের মধ্যে তদন্ত শেষ না হলে সিবিআই-কে দায়িত্বভার দেওয়ার কথা জানিয়েছেন মুখ্যমন্ত্রী। এব্যাপারে গতি আনতে সিটের সদস্য সংখ্যা বাড়ানো হয়েছে। সিবিআই তদন্ত চেয়ে হাইকোর্টে মামলা করেছেন বিরোধী দলনেতা

২) নির্ভুল ভোটার তালিকা তৈরির লক্ষ্যে সংশোধনের কাজ আগামী ২০ শে আগস্ট শুরু হচ্ছে।

৩) পড়শী রাজ্য ওড়িশায় বাংলার শ্রমিকদের হেনস্থার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য আইএসএফ মুখ্যমন্ত্রীকে চিঠি দিয়েছে।

৪) ডুরান্ড কাপ ফুটবলে আজ মহমডোন স্পোর্টিং ইন্ডিয়ান নেভির মুখোমুখি হবে।

---

আর জি কর কান্ডে জাতীয় মহিলা কমিশনের দুই সদস্যের দল আজ হাসপাতালে যেতে পারেন। গোটা পরিস্থিতি পর্যবেক্ষণ করে ঘটনার পূর্ণাঙ্গ রিপোর্ট তারা কমিশনে জমা দেবেন। গতকালই ঐ দুই প্রতিনিধি লালবাজারে যান। সেখানে পুলিশ কমিশনারের সঙ্গে দেখা করেন তারা। তাঁদের মধ্যে কথাও হয়। সেখান থেকে তাঁর নিহত চিকিৎসকের বাড়ি গিয়ে পরিবারের সঙ্গেও কথা বলেন।

এদিকে, এই ঘটনার পরই রাজ্যের স্বাস্থ্য দপ্তরে একাধিক রদবদল করা হয়েছে। সরানো হয়েছে স্বাস্থ্য অধিকর্তা সিদ্ধার্থ নিয়োগীকে। তার পদে এসেছেন ডক্টর দেবাশিস হালদার। বর্তমানে তিনি স্বাস্থ্যভবনে যুগ্ম DHS, NCD পদে কর্মরত। নতুন দায়িত্বভার গ্রহণের সঙ্গে সঙ্গে তার নিযুক্তি কার্যকর হবে।

অন্যদিকে, অন্যদিকে, আই এ এস আধিকারিক শুভাঞ্জন দাশ-কে রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের নতুন সচিব নিযুক্ত করা হয়েছে। তিনি বর্তমানে উত্তর কলকাতার জেলা নির্বাচনী আধিকারিকের পদে রয়েছেন। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত শ্রী দাশ নতুন এই পদে বহাল থাকবেন।

আগেই জানানো হয়েছে, বিক্ষোভ আন্দোলনের মধ্যেই গতকাল আর জি কর মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে সন্দীপ ঘোষ ইস্তফা দেন। কিন্তু তার পদত্যাগপত্র গৃহীত হয়নি। পদত্যাগের সাত ঘন্টার মধ্যেই ন্যাশানাল মেডিকেল কলেজের অধ্যক্ষ পদে পুনর্বহাল করে সরকার। এরপই পরিস্থিতি আরও উত্তপ্ত হয়ে ওঠে। মেডিকেল কলেজে আন্দোলনরত জুনিয়ার ডাক্তাররা অধ্যক্ষের ঘরে তালা ঝুলিয়ে দেন। চিকিৎসক সংগঠনের তরফে দাবি করা হয়, তথ্য প্রমাণ বিকৃতির জন্য সন্দীপ ঘোষের বিরুদ্ধে তদন্ত করা দরকার।

স্বাস্থ্যভবনের ওএসডি পদে কর্মরত অধ্যাপক ডক্টর সহৃতা পালকে আর জি করের নতুন অধ্যক্ষ হিসাবে দায়িত্ব দেওয়া হয়।

গতকালই মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী মৃতার বাড়িতে গিয়ে তাঁর পরিবারের সঙ্গে কথা বলেন। সেখানে সাংবাদিকদের তিনি বলেন, সাত দিনের মধ্যে পুলিশ তদন্ত শেষ করতে না পারলে সিবিআই-কে এর দায়িত্বভার দেওয়া হবে।

বাইট

মুখ্যমন্ত্রীর এই বক্তব্যের পরই বিরোধী রাজনৈতিক দলগুলি সহ সর্বস্তরে সমালোচনার ঝড় ওঠে।

বিজেপির মুখপাত্র শমীক ভট্টাচার্য্য জানান, প্রকৃত দোষীকে আড়াল করতে এই সিদ্ধান্ত।

বাইট

সিপিআইএম রাজ্যসভার সাংসদ বিকাশরঞ্জন ভট্টাচার্য্য গতকাল পানিহাটিতে চিকিৎসকের বাড়িতে যান। তিনিও এই সাতদিনে তথ্য প্রমাণ লোপের আশঙ্কা প্রকাশ করেন।

বাইট

অন্যদিকে কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী মুখ্যমন্ত্রীর এই তৎপরতা নিয়ে প্রশ্ন তুলেছেন।

বাইট

চিকিৎসকের পক্ষ থেকে সাত দিনের সময়সীমা না মানার কথাও জানানো হয়।

বাইট

এদিকে, তদন্ত আরও জোরদার করতে কলকাতা পুলিশের বিশেষ দল সিটের শক্তি বৃদ্ধি করা হয়েছে। ঐ দলে প্রথমে সাত জন সদস্য থাকলেও পরে তা বাড়িয়ে করা হয়েছে ১২। এছাড়াও তদন্তকারী অফিসারেদের সাহয্য করতে তাদের সঙ্গে থাকছেন দেড়শো জন পুলিশ কর্মী।

------------------------

আর জি কর কাণ্ডে সিবিআই তদন্ত চেয়ে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী হাইকোর্টের দ্বারস্থ হয়েছেন। এ নিয়ে আরও দু'টি জনস্বার্থ মামলা দায়ের হয়েছে। মামলাকারী আইনজীবী ফিরোজ এডুলজির দাবি, এই ঘটনা একজন ঘটাতে পারে না। সিবিআই বা অন্য নিরপেক্ষ সংস্থাকে তদন্তভার দেওয়ার আর্জি জানানোর পাশাপাশি সিভিক ভল্যান্টিয়ারদের নিয়ে অডিটের দাবি জানানো হয়েছে। আজ এই মামলার শুনানির হতে পারে বলে জানা গেছে।

এদিকে, জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতির জেরে আজও রাজ্যের সর্বত্র চিকিৎসা পরিষেবা ব্যাহত হওয়ার সম্ভাবনা।

-------------------------

৭৮ তম স্বাধীনতা দিবসের প্রাক্কালে বুধবার সন্ধ্যায় রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জাতির উদ্দেশে ভাষণ দেবেন। শোনা যাবে সন্ধ্যা ৭ টা থেকে আকাশবাণী কলকাতার সবকটি প্রচারতরঙ্গে। এর প্রেক্ষিতে বুধবারের সমীক্ষা বাতিল থাকছে। সন্ধ্যা ৭ টা ৩৫ এর বাংলা সংবাদ শোনা যাবে রাত ৮ টায়, স্থানীয় সংবাদের ঠিক পরেই গীতাঞ্জলী, মৈত্রী ও ১০৭ মেগাহার্টজে। রাষ্ট্রপতির ভাষণের বাংলা তর্জমা শুনবেন রাত সাড়ে ন টা থেকে। ১৫ ই আগস্ট দিল্লীর লালকেল্লার প্রাকারে জাতীয় পতাকা উত্তোলনের ধারা বিবরণী এবং প্রধানমন্ত্রীর ভাষণ সকাল ৭ টা থেকে সরাসরি সম্প্রচার করা হবে। শোনা যাবে সবক'টি প্রচারতরঙ্গে। এই অনুষ্ঠান শেষ হবার পর গীতাঞ্জলী, ১০৭ মেগাহার্টজ ও মৈত্রী প্রচার তরঙ্গে শুনবেন ১০ মিনিটের বাংলা সংবাদ। স্বাধীনতা দিবস উপলক্ষ্যে রাত আটটায় গীতাঞ্জলি, ১০৭ ও এফএম গোল্ডে সম্প্রচারিত হবে রাজ্যপাল সি ভি আনন্দ বোসের ভাষণ।

প্রধানমন্ত্রীর ভাষণের বাংলা অনুবাদ রাত সাড়ে ৯ টা থেকে সবকটি প্রচার তরঙ্গে সম্প্রচারিত হবে। এর প্রেক্ষিতে রাত ১০ টার বাংলা সংবাদ ১৫ ই আগস্ট বাতিল করা হয়েছে।

-------------------------

নির্ভুল তালিকা তৈরির ওপর বিশেষ গুরুত্ব দিয়ে রাজ্যে ভোটার তালিকা সংশোধনের কাজ শুরু হতে চলেছে আগামী মঙ্গলবার বিশে আগস্ট, চলবে ১৮-ই অক্টোবর পর্যন্ত। খসড়া ভোটার তালি প্রকাশিত হবে ২৯ শে অক্টোবর । ওই দিন থেকে ২৮-শে নভেম্বর পর্যন্ত এই সংক্রান্ত আপত্তি ও আবেদন গ্রহণ করা হবে। শনি ও রবিবার হবে বিশেষ অভিযান। বুথ পর্যায়ের আধিকারিকরা বাড়ি বাড়ি গিয়ে তালিকা যাচাই-এর কাজ করবেন। ২৪-শে ডিসেম্বরের মধ্যে জমা পড়া সমস্ত আবেদনের নিষ্পত্তি করা হবে বলে নির্বাচন কমিশন জানিয়েছে। চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে ২০২৫-এর ৬ই জানুয়ারি।

কমিশনের নির্দেশ অনুসারে ভোটার তালিকা অথবা কার্ডে সংশ্লিষ্ট নাগরিকের ছবি অস্পষ্ট হলে তা বাতিল করে হাই রেজলিউশনের ছবি ব্যবহার করতে হবে। গত বছর ভোটার তালিকা সংশোধনের সময় এই কাজ শুরু হয়েছিল। কিন্তু তখন তা শেষ হয়নি।

-------------------------

পড়শি রাজ্য ওড়িশায় পশ্চিমবঙ্গ থেকে যাওয়া ফেরিওয়ালা সহ পরিযায়ী শ্রমিকদের নানা ধরণের হেনস্থা এবং শারীরিক নিগ্রহের অভিযোগে উপযুক্ত ব্যবস্থা নেওয়ার জন্য আজ কলকাতার উৎকল ভবনে গিয়ে ওড়িশা সরকারের নিযুক্ত সেকশন আধিকারিকের সঙ্গে সাক্ষাৎ করেন ISF বিধায়ক নওশাদ সিদ্দিকী। তার মাধ্যমে

ঐ রাজ্যের মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝিকে একটি চিঠিও দেন নৌশাদ। সেখানকার একশ্রেণি মানুষের মধ্যে চরম সাম্প্রদায়িক ও প্রাদেশিক মনোভাবের প্রেক্ষিতে যেকোনোরকম অনভিপ্রেত ঘটনা আর যাতে না ঘটে তার জন্য অবিলম্বে ব্যবস্থা নেওয়ার অনুরোধ জানানো হয়েছে ঐ চিঠিতে। পরে নৌশাদ জানান, ওড়িশা সরকারের উচিত পশ্চিমবঙ্গের পরিযায়ী শ্রমিক তথা বাংলার মানুষদের নিরাপত্তা সুনিশ্চিত করা। এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকেও চিঠি দিয়েছেন তিনি। আক্রান্তদের সহায়তায় রাজ্য সরকারের পক্ষ থেকে হোয়াটসঅ্যাপ সহ টেলিফোন নম্বর চালু করা ছাড়াও এ ব্যাপারে দ্রুত ব্যবস্থা নিতে একটি নোডাল অফিসার নিয়োগের আবেদন জানান তিনি।

-------------------------

নাগরিকদের মধ্যে দেশপ্রেমের বোধ জাগ্রত করতে সারা দেশে আজ শুরু হয়েছে হর ঘর তিরাঙ্গা অভিযান। চলবে ১৫ আগস্ট পর্যন্ত।

আন্থেম

এই কর্মসূচীর অঙ্গ হিসেবে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী প্রত্যেক দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন , তিরঙ্গার সঙ্গে সেলফি তোলা এবং হর ঘর তিরঙ্গা ওয়েবসাইটে তা আপলোড করার আহ্বান জানিয়েছেন।

নদিয়ার নবদ্বীপে বিজেপির উদ্যোগে গতকাল আয়োজিত হয় তিরঙ্গা যাত্রা। কোলের ডাঙ্গা জল মন্দিরের সামনে থেকে শুরু হয়ে এই যাত্রা রাধাবাজার, পোড়ামা তলা বড়াল ঘাট হয়ে শেষে রাধা বাজারে একটি মানববন্ধনের মাধ্যমে সমাপ্ত হয়। অংশ নেন সাংসদ জগন্নাথ সরকার সহ অন্যান্য দলিয় কর্মী সমর্থকরা।

-------------------------

নতুন টোটো নীতি চালু করার আগে বর্তমানে রাস্তায় চলা মোট টোটোর সংখ্যা এবং তার মধ্যে বৈধ-অবৈধ কত, তা স্থির করতে রাজ্য সরকার সমীক্ষা শুরু করছে। টোটো, মোটর যান আইনের আওতায় না পড়লেও বিকল্প উপায়ে তা নথিভুক্তির কাজ শুরু হবে। এরপর সমস্ত টোটোতে কিউ আর কোড বসানোর পরিকল্পনা নেওয়া হয়েছে। সেই কোড স্ক্যান করলেই টোটোর মালিকের যাবতীয় তথ্য, রুট সহ সমস্ত বিবরণ জানা যাবে। সেই সঙ্গে অন্যান্য গাড়ির মতো টোটোতেও বিশেষ নম্বর সম্বলিত স্টিকার দেওয়া হবে।

উল্লেখ্য বাস বা অটোর মত টোটোর ক্ষেত্রেও আগামী দিনে যাতায়াতের পরিসর বেঁধে দেওয়া হবে বলে সিদ্ধান্ত হয়েছে।

-------------------------

উল্লেখযোগ্য যাত্রী না হওয়ায় মেট্রো রেল তাদের জোকা - মাঝেরহাট করিডরে আরো দুটি স্টেশনে কোন টিকিট কাউন্টার না রাখার সিদ্ধান্ত নিয়েছে। আগামী ১৫ তারিখ থেকে বেহালা বাজার এবং ঠাকুরপুকুর স্টেশনে কোন টিকিট কাউন্টার থাকবে না বলে মেট্রোর তরফে আজ এক বিবৃতিতে জানানো হয়েছে। একমাত্র স্মার্ট কার্ড থাকা যাত্রী এবং স্বয়ংক্রিয় স্মার্ট কার্ড রিচার্জ মেশিন থেকে যাত্রীরা কিউআর কোড যুক্ত কাগজের টিকিট কাটতে পারবেন।

উল্লেখ্য, এর আগে গত পয়লা আগস্ট থেকে এই করিডরের তারাতলা ও সখেরবাজার এবং কবি সুভাষ - রুবি করিডরে কবি সুকান্ত স্টেশনে টিকিট কাউন্টার তুলে দেওয়া হয়েছে।

-------------------------

কলকাতা প্রিমিয়ার লীগ ফুটবলে আজ ইস্টবেঙ্গল ১-০ গোলে ভবানীপুর ক্লাবকে হারিয়ে দিয়েছে। ইস্টবেঙ্গল মাঠে এই ম্যাচে পেনাল্টি থেকে গোলটি করেছেন জেসিন টি কে। ইস্টবেঙ্গল ৮ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে গ্রুপ বি,র লিগ শীর্ষে উঠে এসেছে। ভবানীপুরের ৮ ম্যাচে ১৯ পয়েন্ট। এই ম্যাচ জয়ের ফলে ইস্টবেঙ্গল সুপার সিক্স-এ সুবিধা পাবে।

------------------------ ------------------------